

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৭৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা'আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَدْرَكَهُ الْأَذَانُ فِي الْمَسْجِدِ ثُمَّ خَرَجَ لَمْ يَخْرُجْ لِحَاجَةٍ وَهُوَ لَا يُرِيدُ الرَّجْعَة فَهُوَ مُنَافِق» . رَوَاهُ ابْن مَاجَه

বাংলা

১০৭৬-[২৫] 'উসমান ইবনু 'আফফান (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন লোক মসজিদে থাকা অবস্থায় আযান দেয়ার পর বিনা ওযরে বের হলে ও আবার ফিরে আসার ইচ্ছা না থাকলে সে লোক মুনাফিক্ক। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ লিগায়রিহ : ইবনু মাজাহ্ ৭৩৪, সহীহ আত্ তারগীব ২১৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَهُو مُنَافِق) "সে ব্যক্তি মুনাফিক"। অর্থাৎ সে অবাধ্য, অপরাধী। অথবা এর অর্থ হলো জামা'আত ত্যাগ করার ক্ষেত্রে মুনাফিকের ন্যায়। অথবা সে মুনাফিকের ন্যায় কাজ করল। কেননা প্রকৃত মু'মিনের কাজ এরূপ নয়। এ হাদীসের সানাদে দু'জন রাবী "আবদুল জাব্বার ইবনু আল্ আয়লী এবং ইসহাক ইবনু 'আবদুল্লাহ" দুর্বল। তবে এর শক্তিশালী শাহিদ রয়েছে, যেমন বায়হাকীতে সা'ঈদ ইবনু মুসাইয়্যাব থেকে বর্ণিত, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ওযর ছাড়া মুনাফিক ব্যতীত কোন ব্যক্তি আযান হওয়ার পর মাসজিদ থেকে বেরিয়ে যায় না। বায়হাকী ২য় খন্ড, ৫৬ পৃঃ, ত্বারানীর আওসাতে আবৃ হুরায়রাহ্ (রাঃ) থেকেও এর শাহিদ রয়েছে। অতএব হাদীসটি 'আমলযোগ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন